

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
যুগ্মসচিব (নিরীক্ষা)-এর দপ্তর



নম্বর ১৪.০০.০০০০.০১৮.০৬.০০১.২০.(অংশ)-

তারিখ: ১৫/০৬/২০২১

অফিস আদেশ

সরকারি কর্মকর্তা/কর্মচারীদের শূদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের শূদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ অনুযায়ী ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় 'শূদ্ধাচার পুরস্কার' প্রদানের নিমিত্ত ৩১/০৫/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত 'শূদ্ধাচার পুরস্কার বাছাই' কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত কর্মচারীদের মনোনয়ন প্রদান করা হলো:

ক্র: নং	কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবি ও কর্মস্থল	মনোনয়নের শ্রেণি
১	জনাব মো: কামরুজ্জামান অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	ডাক ও টেলিযোগাযোগ বিভাগের গ্রেড-১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।
২	জনাব মো: সাহাব উদ্দিন ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড	ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য হতে একজন কর্মচারী।
৩	মো: খালিদ হাসান কম্পিউটার অপারেটর, আইটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	ডাক ও টেলিযোগাযোগ বিভাগের গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।

- ০২। (ক) শূদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ অনুযায়ী মনোনীত কর্মচারীবৃন্দকে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং একটি করে সনদপত্র প্রদান করা হবে।
(খ) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রশাসন শাখা এ বিভাগের মনোনীত কর্মচারীবৃন্দকে এক মাসের সমপরিমাণ অর্থ প্রদানের জন্য মঞ্জুরী জ্ঞাপন করবে এবং দপ্তর/সংস্থার প্রধানদের মধ্য হতে মনোনীত কর্মচারীর জন্য এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করবে।

স্বা/-(মোঃ আফজাল হোসেন)

সচিব


ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

নম্বর ১৪.০০.০০০০.০১৮.০৬.০০১.২০.(অংশ)-১৫-৩

তারিখ: ১৫/০৬/২০২১ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- (১) জনাব মোঃ কামরুজ্জামান, অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
(২) জনাব মোঃ সাহাব উদ্দিন, ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড।
(৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ); ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।-এ বিভাগের মনোনীত কর্মচারীবৃন্দকে এক মাসের সমপরিমাণ অর্থ প্রদানের জন্য মঞ্জুরী জ্ঞাপন এবং দপ্তর/সংস্থার মনোনীত কর্মচারীর জন্য আর্থিক মঞ্জুরী জ্ঞাপন বিষয়ে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
(৪) চিফ ফিন্যান্স এন্ড একাউন্টস অফিসার, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
(৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
(৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।- মাননীয় সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
(৭) সিস্টেম অ্যানালিস্ট, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।-এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
(৮) যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা।-মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।


হারিদাস চাকুরা
উপসচিব
ডাক-১

বিকল্প ফোকাল পয়েন্ট